পতাকা বৈঠকের পর কানাইঘাট সীমান্তে নিহত শাহেদের লাশ ফেরত দিয়েছে বিএসএফ

কানাইঘাট (সিলেট) প্রতিনিধি ◌ঃ সিলেটের কানাইঘাট সীমান্তে ভারতীয় খাসিয়ার গুলিতে নিহত শাহেদ আহমদের লাশ পতাকা বৈঠকের পর বিজিবির কাছে হস্তান্তর করেছে বিএসএফ। গতকাল শনিবার রাত সাড়ে ৭টার দিকে বাংলাদেশ-ভারতের সীমান্তবর্তী বড়ছড়া এলাকায় বাংলাদেশ বর্ডার গার্ড বিজিবি ও ভারতের সীমান্ত রক্ষী বিএসএফ এর মধ্যে যৌথ পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। পতাকা বৈঠকের পর ভারতের মেঘালয় রাজ্য পুলিশের হেফাজতে থাকা গুলিবিদ্ধ শাহেদ আহমদের লাশ বিজিবির কাছে হস্তান্তর করে বিএসএফ।

পতাকা বৈঠকে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন জকিগঞ্জ বিজিবি ১৯ ব্যাটালিয়নের কোম্পানী কমান্ডার গোলাম কবির, কানাইঘাট থানার ওসি (তদন্ত) মোঃ আবু সায়েম এবং ভারতের পক্ষে ভারতীয় সীমান্তরক্ষী বিএসএফ ও সেখানকার পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।
কানাইঘাট থানার ওসি তদন্ত মোঃ আবু সায়েম জানান, পতাকা বৈঠক শেষে শাহেদ আহমদের লাশ বিজিবির কাছে হস্তান্তর করা হয়েছে। লাশ থানায় নিয়ে আসার পর আইনি প্রক্রিয়ার মাধ্যমে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।
প্রসঙ্গত যে, গত বৃহস্পতিবার রাতে শাহেদ আহমদ সহ আরো কয়েকজন কানাইঘাটের মঙ্গলপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতের লাইজুরি এলাকায় অনুপ্রবেশ করে ভারত থেকে চিনি নিয়ে আসার সময় ভারতীয় খাসিয়ার গুলিতে নিহত হয় শাহেদ আহমদ। পরে তার লাশ বিএসএফ নিয়ে গেলে সেখানকার পুলিশ লাশের ময়না তদন্ত সম্পন্ন করে। নিহত শাহেদ আহমদ লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়নের সীমান্তবর্তী মঙ্গলপুর আলুবাড়ি গ্রামের মশাহিদ আলীর পুত্র।